

## B.A. 2nd Sem (General) Examination, 2018 (CBCS)

Subject : Bengali

Paper : L2/CC(L-2-1)

Time : 3 hours

Full Marks : 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$
- (ক) আদরিণীকে কে কোথা থেকে কত টাকায় ক্রয় করেছিলেন? ১+১=২
  - (খ) হস্তীভাড়ার বিজ্ঞাপনটি লেখো।
  - (গ) আদালত অবমাননার জন্য মোকাব মহাশয়ের কত টাকা জরিমানা হয়েছিল এবং জরিমানার ছক্ক রদ করতে কত টাকা খরচ হয়েছিল? ১+১=২
  - (ঘ) 'অঙ্গুবাচী' কী? এই উপলক্ষ্যে কোথায় হাট বসেছিল? ১+১=২
  - (ঙ) তারিণী যে জলমগ্ন ব্যক্তিকে উদ্ধার করেছিল তার পরিচয় দাও। সে কীভাবে জলে পড়ে গিয়েছিল? ১+১=২
  - (চ) 'হড়পা' কী?
  - (ছ) রামতনু মুখ্যে কার শিষ্য? তার স্ত্রী ও পুত্রবধুর নাম কী? ১+১=২
  - (জ) 'বাগপ্রস্ত' কী?
  - (ঝ) কিশোরীর দ্বিতীয় পক্ষের স্ত্রীর নাম কী? কিশোরীর দ্বিতীয় সংসার কেমন হ'ল লেখো। ১+১=২
  - (ঝঃ) ফকির শাহজাহানের চেহারার বর্ণনা দাও।
  - (ট) 'তাজমহল' গল্লে বৃক্ষ মুসলমানের পিঠের ঝুঁড়িতে কী ছিল? ১+১=২
  - (ঠ) বৃক্ষ মুসলমানের বিবির কী রোগ হয়েছিল? রোগের ফলে তার চেহারা কেমন হয়েছিল? ১+১=২
  - (ড) 'হারাণের নাতজামাই' রচনার সমকালে বাংলায় কোন বিখ্যাত কৃষক আন্দোলন হয়? ১+১=২
  - (ঢ) ভুবন মণ্ডল কে? তিনি কোন গাঁয়ে আশ্রয় নিয়েছিলেন? ১+১=২
  - (ণ) 'হারাণের নাতজামাই' গল্লে জোতদার কে? পুলিশ কাদের নিয়ে প্রথমবার গ্রামে হানা দিয়েছিল? ১+১=২
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:  $5 \times 8 = 40$
- (ক) মুখ্যে মহাশয়ের গৃহে আদরিণীর অভ্যর্থনা-দৃশ্যাটি বর্ণনা করো। তাকে দেখে পাড়ার অশিষ্ট-বালকেরা কী বলতে লাগলো? ৪+১=৫
  - (খ) তারিণী মাঝির স্ত্রীর নাম কী? তাদের দাম্পত্য জীবনের কাহিনি সংক্ষেপে লেখো। ১+৪=৫

- (গ) 'হাপু' কী? 'মৌরীফুল' গল্পে হাপু-বালকের প্রসঙ্গটি আলোচনা করো। ১+৮=৯
- (ঘ) সুশীলার বিবাহিত জীবনের প্রথমপর্বের বিবরণ দাও। ৫
- (ঙ) 'সেই দিন সন্ধ্যার পর দ্বিতীয়বার দর্শন করতে গেলাম তাজমহলকে।' — বক্তা কে? তাঁর দ্বিতীয়বার তাজমহল দর্শন করার অনুভূতি ব্যক্ত করো। ১+৮=৯
- (চ) 'বাপেরে নিয়া ঘরে গেছিলি, বেশ করছিলি,' — কে কাকে কোন প্রসঙ্গে একথা বলেছে? বাপ কে? ৪+১=৫

৩। বে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

$10 \times 2 = 20$

- (ক) মুখ্যে পরিবারে আদরিণীর একজন সদস্য হয়ে ওঠার কাহিনিটি লেখো। আদরিণীর মৃত্যুতে মুখ্যে মহাশয় কী বলেছিলেন? ৮+২=১০
- (খ) 'তারিণী মাঝি' গল্পের নায়ক কে? তার চরিত্র বিশ্লেষণ করো। ১+৯=১০
- (গ) 'মৌরীফুল' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। গল্পকারের জন্ম ও মৃত্যু সাল লেখো। ৯+১=১০
- (ঘ) 'তাজমহল' গল্পে ফরাসি শাহজাহানের চরিত্র বিশ্লেষণ করো। গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ৯+১=১০